# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৯

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় ‘অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

## باب الإيمان بالقدر ـ الفصل الثالث

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «خَلَقَ اللَّهُ آدَمَ حِينَ خَلَقَهُ فَضَرَبَ كَتِفَهُ الْيُمْنَى فَأَخْرَجَ ذُرِّيَّةً بَيْضَاءَ كَأَنَّهُمُ الذَّرُّ وَضَرَبَ كَتِفَهُ الْيُسْرَى فَأَخْرَجَ ذُرِّيَّةً سَوْدَاءَ كَأَنَّهُمُ الْحُمَمُ فَقَالَ لِلَّذِي فِي يَمِينِهِ إِلَى الْجَنَّةِ وَلَا أُبَالِي وَقَالَ للَّذي فِي كَفه الْيُسْرَى إِلَى النَّارِ وَلَا أُبَالِي» . رَوَاهُ أَحْمَدُ

বাংলা

১১৯-[৪১] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সৃষ্টির প্রাক্কালে আল্লাহ তা’আলা যখন আদম (আঃ)-কে সৃষ্টি করলেন তখন তাঁর ডান কাঁধের উপর তাঁর হাত মারলেন। এতে ক্ষুদ্র পিঁপড়ার দলের ন্যায় সুন্দর ঝকঝকে একদল আদম সন্তান বেরিয়ে আসলো। তিনি আবার তাঁর বাম কাঁধের উপর হাত মারলেন এবং কয়লার ন্যায় কালো অপর একদল আদম সন্তান বেরিয়ে আসলো। তারপর আল্লাহ তা’আলা আদম (আঃ)-এর ডান দিকের সন্তানদের ইঙ্গিত করে বললেন, এ দল জান্নাতী। এতে আমি কারো পরোয়া করি না। অতঃপর আবার তিনি বাম দিকের আদম সন্তানদের দিকে ইঙ্গিত করে বললেন, এ দল জাহান্নামী। এ সম্পর্কেও আমি কারো কোন পরোয়া করি না। (আহমাদ)[1]

## English

Chapter: Belief in the Divine Decree - Section 3

Abud Darda' reported God’s messenger as saying, “God created Adam when He created him and struck his right shoulder and brought forth his offspring white like small ants. And he struck his left shoulder and brought forth his offspring black as though they were charcoal. Then He said to the party on his right side, ‘To paradise, and I do not care’ and He said to the party in his left shoulder, ‘To hell, and I do not care’.”

Ahmad transmitted it.

## ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২৬৯৪২, সহীহুল জামি‘ ৩২৩৪। ইমাম আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) তাঁর মুসনাদের ৬/৪৪১ নং এ এবং তার ছেলে ‘আবদুল্লাহ ‘আয্ যাওয়া-য়িদ’ গ্রন্থে বর্ণনা করেছেন। হাদীসের সানাদটি সহীহ। হায়সামী তার ‘‘আল মাজ্মা’’ গ্রন্থের ৭/১৮৫ নং এ বলেছেন, ‘‘হাদীসটি ইমাম আহমাদ, বাযযার, ত্ববারানী (রহঃ) বর্ণনা করেছেন আর তার রাবীগণ সহীহুর রাবী। শায়খ আলবানী (রহঃ) বলেনঃ যদি তিনি (হায়সামী)-এর দ্বারা আহমাদ ব্যতীত অন্যদের রাবীর উদ্দেশ্য নিয়ে থাকে তাহলে ঠিক আছে অন্যথায় আহমাদের রাবীগণ সহীহুর রাবী বরং তারা সিক্বাহ্ বা বিশ্বস্ত।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَأَنَّهُمْ الذَّرّ ذر) হচ্ছে ছোট পিপিলিকা। (كَأَنَّهُمْ الْحُمَمُ حُمَمٌ) কয়লা।

(قَالَ لِلَّذِي فِي يَمِينِه) ডান দিক থেকে যে, মু’মিনের সন্তানদের বের করলেন তাদেরকে বললেন।

হাদীসখানা তাক্বদীরের প্রতি ঈমানের প্রমাণবাহী। কারণ, এগুলো হলো আল্লাহ তা‘আলার আগাম ‘ইলমের প্রতিফলন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54678

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন